প্রসঙ্গ বিদ্যুৎ

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ত্রৈমাসিক মুখপত্র

সংখ্যা ২ • ২০১৭

২৩ আগস্ট ২০১৭ বিদ্যুৎ উন্নয়ন ভবনে-বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দপ্তর আয়োজিত UK-Bengal Roundtable Discussion-এ উপস্থিত পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দপ্তর-এর মাননীয় মন্ত্রী, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়; শ্রী রাজেশ পান্ডে, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিএসইডিসিএল; শ্রী শান্তনু বসু, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল; এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ

৫ জুন ২০১৭ বিশ্ব পরিবেশ দিবসে বিদ্যুৎ উন্নয়ন ভবনের সামনে বৃক্ষরোপণ করছেন মাননীয় মন্ত্রী, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়

১৭ আগস্ট ২০১৭ সিআইআই আয়োজিত 'এনার্জি কনক্লেভ ২০১৭' উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়

শুভেচ্ছা

১১ আগস্ট ২০১৭ শ্রী ইন্দ্রনাথ চ্যাটার্জী, ডব্লুবিপিডিসিএল-এ এক্সিকিউটিভ ডিরেক্টর (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস্) পদে যোগ দিলেন।

তিনি এক্সিকিউটিভ ডিরেক্টর (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস্) পদে যোগ দেওয়ার আগে ২ জুলাই ২০১২ থেকে ডব্লুবিপিডিসিএল-এ জেনারেল ম্যানেজার (ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস্) পদের দায়িত্বে ছিলেন।

শ্রী চ্যাটার্জী সেন্ট জেভিয়ার্স কলেজ, কলকাতা থেকে বি কম্ অনার্স নিয়ে স্নাতক হয়েছেন এবং তারপর চার্টার্ড অ্যাকাউন্টেন্ট-এর যোগ্যতা অর্জন করেছেন।

তিনি তাঁর কর্মজীবন পি ডব্লু সি দিয়ে শুরু করে পরবর্তীকালে ফিলিপ্স কার্বন ব্ল্যাক-এর মতো বহুজাতিক কোম্পানি-তেও কাজ করেছেন। ফিনান্স, অ্যাকাউন্টস, এস এ পি, প্রজেক্ট ফিনান্স, কম্প্লায়েন্সেস্ এবং অ্যাশুরেন্স-এ তাঁর দীর্ঘ উনত্রিশ বছরের অভিজ্ঞতা আছে।

ডব্লুবিপিডিসিএল-এর সকল স্তরের কর্মী এবং আধিকারিকদের পক্ষ থেকে আমরা শ্রী ইন্দ্রনাথ চ্যাটার্জীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

২২ আগস্ট ২০১৭ শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়, ডব্লুবিপিডিসিএল-এ এক্সিকিউটিভ ডিরেক্টর (প্রজেক্টস্ অ্যান্ড প্ল্যানিং) পদে যোগ দিলেন। তিনি এক্সিকিউটিভ ডিরেক্টর (প্রজেক্টস্ অ্যান্ড প্ল্যানিং) পদে যোগ দেওয়ার আগে মার্চ ২০১৬ থেকে ডব্লুবিপিডিসিএল-এর বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জেনারেল ম্যানেজার পদের দায়িত্বে ছিলেন।

শ্রী বন্দ্যোপাধ্যায় জলপাইগুড়ি গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে ব্যাচেলর অফ্ ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) ডিগ্রি অর্জন করেছেন।

তিনি তাঁর কর্মজীবন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনী রূপে শুরু করেন এবং ডব্লুবিপিডিসিএল-এর কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে ২০১০ পর্যন্ত বিভিন্ন পদে কাজ করেছেন। পরবর্তীকালে তিনি কর্পোরেট অফিসে অপারেশন সার্ভিস সেল-এ যুক্ত ছিলেন এবং সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের জেনারেল ম্যানেজার পদের দায়িত্বও পালন করেছেন। শ্রী বন্দ্যোপাধ্যায়-এর বয়লার, মেন্টিনেন্স প্ল্যানিং, অপারেশন সার্ভিস ইত্যাদি বিভাগে দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে।

ডব্লুবিপিডিসিএল-এর সকল স্তরের কর্মী এবং আধিকারিকদের পক্ষ থেকে আমরা শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

২৩ আগস্ট ২০১৭ শ্রী স্বপন মাইতি, ডব্লুবিপিডিসিএল-এ এক্সিকিউটিভ ডিরেক্টর (ফুয়েল ম্যানেজমেন্ট) পদে যোগ দিলেন।

এছাড়াও তিনি এক্সিকিউটিভ ডিরেক্টর (ও এস) পদের অতিরিক্ত দায়িত্বে আছেন। তিনি এক্সিকিউটিভ ডিরেক্টর (ফুয়েল ম্যানেজমেন্ট) পদে যোগ দেওয়ার আগে ৩০ এপ্রিল ২০১৩ থেকে ডব্লুবিপিডিসিএল-এর সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের জেনারেল ম্যানেজার পদের দায়িত্বে ছিলেন।

শ্রী মাইতি বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ (বর্তমানে IIEST, শিবপুর) থেকে ব্যাচেলর অফ্ ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন্) ডিগ্রি অর্জন করেছেন।

তিনি তাঁর কর্মজীবন তদানীন্তন রাজ্য বিদ্যুৎ পর্ষদে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনী রূপে শুরু করেন এবং পরবর্তীকালে ডব্লুবিপিডিসিএল-এর কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র এবং বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে ইলেকট্রিক্যাল অপারেশন, ইলেকট্রিক্যাল কমিশনিং, মেন্টিনেন্স ইত্যাদি দপ্তরে এবং কর্পোরেট অফিসে অপারেশন সার্ভিস সেল-এ যুক্ত ছিলেন।

ডব্লুবিপিডিসিএল-এর সকল স্তরের কর্মী এবং আধিকারিকদের পক্ষ থেকে আমরা শ্রী স্বপন মাইতিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

সম্পাদকীয়

২০১৭-র 'প্রসঙ্গ বিদ্যুৎ'-এর দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হল। সামনেই উৎসবের মরশুম। পবিত্র ইদ উদ্‌যাপনের পরেই বাঙালীর প্রিয় উৎসব শারদীয়া আসন্ন। এই শুভ সন্ধিক্ষণে আপনাদের এবং আপনাদের পরিবারের সকলকে জানাই পবিত্র ইদ ও শারদীয়ার আন্তরিক শুভেচ্ছা।

আপনারা সকলে সুস্থ থাকুন, ভালো থাকুন।

ধন্যবাদ ও শুভেচ্ছাসহ,
সম্পাদকমণ্ডলী

সূচিপত্র

নিগম সমাচার	৩-৭
সচেতনতা	৭-১০
সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড	১০-১৫
সহকর্মীদের অবসরের তালিকা	১৬

২৩ আগস্ট ২০১৭ বিদ্যুৎ উন্নয়ন ভবনে বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দপ্তর আয়োজিত UK-Bengal Roundtable Discussion-এ উপস্থিত শ্রী এস কিশোর, তৎকালীন প্রিন্সিপাল সেক্রেটারি, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দপ্তর; শ্রী রাজেশ পান্ডে, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিএসইডিসিএল; শ্রী শান্তনু বসু, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল; শ্রী ইন্দ্রনীল দত্ত, ডিরেক্টর (প্রজেক্টস), ডব্লুবিপিডিসিএল; এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ

নিগম সমাচার

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর বিভিন্ন প্রকল্পের কার্যকলাপের বর্তমান অবস্থান

ক. কার্যনির্বাহী প্রকল্প

১. নতুন প্রকল্প :

I. সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প - Phase - II Extension Unit # 3 এবং Unit # 4 (2 x 500 MW) — প্রকল্পটির ৬টি মুখ্য প্যাকেজ নিম্নরূপ :

● মেইন প্লান্ট (ভেল) ● কোল হ্যান্ডলিং প্লান্ট ● জোড়া ফ্লু চিমনি ● ন্যাচারাল ড্রাফ্ট কুলিং টাওয়ার ● অ্যাশ হ্যান্ডলিং প্লান্ট ● ওয়াটার ইনটেক এবং প্লান্ট ওয়াটার সিস্টেম।

● **মেইন প্লান্ট (ভেল)** — ১লা জুলাই ২০১৬, U#3-এর C.O.D ঘোষণা করা হয়েছে। ২০ ডিসেম্বর ২০১৬ U#4-এর C.O.D ঘোষণা করা হয়েছে।

● **কোল হ্যান্ডলিং প্লান্ট** — দ্বিতীয় Coal stock pile bed টি August -2017-এর মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে। একটি Stacker-Cum-Reclaimer-এর Trial run July-2017-এর মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

● **জোড়া ফ্লু চিমনি** — চিমনির কাজ শেষ হয়ে গেছে।

● **ন্যাচারাল ড্রাফ্ট কুলিং টাওয়ার** — Cooling Tower-এর সমস্ত কাজ শেষ হয়ে গেছে। এখন PG-Test-এর প্রস্তুতির কাজ চলছে।

● **অ্যাশ হ্যান্ডলিং প্লান্ট** — Ash pond-এর চারপাশে একটি অ্যাশ পাইপ লেয়িং, কমিশনিং সম্পূর্ণ হয়ে গেছে এবং অন্য অ্যাশ পাইপগুলির লেয়িং-এর কাজ চলছে। দুইটি Ash Slurry Pumps, দুইটি Ash Water Pumps এবং দুইটি Seal Water Pumps-এর Trial run সম্পূর্ণ হয়েছে। U#4 Vacuum Pump গুলির Trial run July-2017 -এর মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। দুইটি Ash Silo-এর Pile সম্পূর্ণ হয়ে গেছে এবং অন্য Ash Silo টির Pile July-2017-এর মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

● **ওয়াটার ইনটেক এবং প্লান্ট ওয়াটার সিস্টেম** — Clarified Pump house building –এ 4টি CT-Make-Up Pumps - এর Trial run সম্পূর্ণ হয়েছে। DM Plant equipment গুলির খুব শীঘ্রই ইরেক্শন শেষ হয়ে যাবে এবং September -2017-এর মধ্যে Commissioning activity শুরু হবে ও October -2017- এর মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে। Intake Pump House -এ ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল ইরেক্শনের কাজ শেষ হয়ে গেছে এবং খুব শীঘ্রই Commissioning activity শুরু হবে।

II. সৌরবিদ্যুৎ প্রকল্প — সৌরবিদ্যুৎ প্রকল্পের জন্য সাগরদীঘিতে- 3.5 MW, কোলাঘাটে -1.5 MW, বক্রেশ্বরে-2.3 MW, সাঁওতালডিহি-700KW এবং ব্যান্ডেলে-2 MW প্লান্ট বসানোর কাজ চলছে। ফেব্রুয়ারী ২০১৮-এর মধ্যে সমস্ত প্লান্টে উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়।

অন্যদিকে সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে 10MW উৎপাদন ক্ষমতা সম্পন্ন প্লান্ট বসানোর কাজ চলছে। যার জন্য সৌর প্যানেল ground-এ বসানো হবে। এই প্রকল্প আগামী মে -২০১৮ তে সম্পন্ন হবে বলে আশা করা যায় ।

২. নবীকরণ ও আধুনিকীকরণ প্রকল্প :

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র Phase – I Unit # 1, 2 & 3 (3X210MW) ESP ও Milling System প্রকল্প : Unit 1,2 &3 ESP R&M-এর জন্য M/s K C Cottrell India Pvt. Ltd. কে ২২ মার্চ ২০১৭ তারিখে LOA দেওয়া হয়েছে। Unit # 1, 2 & 3-এর ESP-এর সঙ্গে সম্পর্কিত AHP-System R&M-এর জন্য M/S Indure Pvt. LTD কে ০৬.০৭.২০১৭ তারিখে LOI দেওয়া হয়েছে।

খ. ভবিষ্যৎ প্রকল্প

I. সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প Phase III Extension unit (1X660MW) Project : সাগরদীঘিতে যে ৫নং 660MW Supercritical Unit গড়ার সিদ্ধান্ত করা হয়েছে । Final EIA (Environmental Impact Assessment) Report প্রস্তুতির কাজ চলছে। শীঘ্রই অন্তিম ছাড়পত্রের জন্য MOEF(Ministry of Environment and Forests)-এর কাছে আবেদন করা হবে। Technical Specification তৈরী শেষ হয়েছে। আশা করা হচ্ছে August 2017-এর মধ্যে দরপত্র আহ্বান করা হবে।

II. বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে 1 x 660 MW ক্ষমতাসম্পন্ন ৬নং ইউনিট বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে DPR তৈরি হয়েছে। পরিবেশের ছাড়পত্র পাওয়ার জন্য Consultant নিয়োগ করা হয়েছে।

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ও অ্যান্ড এম কার্যকলাপের বর্তমান অবস্থা

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র

- ১৭ এপ্রিল ২০১৭ Unit-1 এবং ২১ জুন ২০১৭ Unit-2-এর ESP এবং তাদের আনুষঙ্গিক উপাদানগুলি পুনঃ প্রতিস্থাপিত করা হয়েছে। NGT-এর আদেশানুসারে, এই ইউনিটগুলো - এর লোডকে TMCR-এর ৬০% (যা ১২৬ MW) -এ সীমাবদ্ধ রাখা হচ্ছে। এর SPM মান NGT-এর নির্ধারিত সীমার মধ্যেই রয়েছে।
- ১২ জুন ২০১৭ থেকে Unit-6 ESP-র ৮টি ফিল্ডকে প্রতিস্থাপন ও HP Casing প্রতিস্থাপন, DCS স্থাপন, GT পুনঃস্থাপন - এর জন্য পরিকল্পিতভাবে বন্ধ রাখা হয়েছে। ৩১ আগস্ট ২০১৭ - এর মধ্যে এই Unit-এর সমস্ত কাজ সম্পন্ন করার পরিকল্পনা হয়েছে।
- এপ্রিল ২০১৭ থেকে জুন ২০১৭ পর্যন্ত ০.৮৪ml/kwh তেল খরচ হয়েছে যা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের নির্ধারিত মানের মধ্যে।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প

- এপ্রিল - জুন ২০১৭ পর্যন্ত ৯৩% (DC) ঘোষিত ক্ষমতা অর্জন করেছে এবং জুন -২০১৭ তে DC ঘোষিত ক্ষমতা ছিল ৯৪% ।
- এপ্রিল - জুন ২০১৭ পর্যন্ত ০.২৭ ml/kwh তেল খরচ হয়েছে, যা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ পর্ষদের নির্ধারিত মানের মধ্যে।

ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র

- এপ্রিল ১৭ তে Unit- 5, ৮২ % (DC) ঘোষিত ক্ষমতার সাথে পরিচালিত হয়েছে।
- ১৭ মে ৩৫ MVA রিজার্ভ ট্রান্সফরমারটি সংশোধনের জন্য OEM-এ পাঠানো হয়েছে। সেপ্টেম্বর ২০১৭-এর মধ্যে এই কাজটি সম্পন্ন হওয়া প্রত্যাশিত।

সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র

- এপ্রিল ১৭ থেকে মে ২০১৭ পর্যন্ত ৯২ % (DC) ঘোষিত ক্ষমতা। ঐ সময় APC (Auxiliary Power Consumption) ছিল ৮.২ %।
- এপ্রিল - জুন ২০১৭ পর্যন্ত ০.৩৪ ml/kwh তেল খরচ হয়েছে যা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ মানের মধ্যে।
- Unit- 5 একটি জেনারেটর খারাপ হয়ে যাওয়ার জন্য, M/S BHEL -এর উপর নতুন জেনারেটর কেনার নির্দেশ দেওয়া হয়েছে যা অক্টোবর ২০১৭ সালের মধ্যেই পাওয়া যাবে বলে প্রত্যাশিত।

সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প

- Stage -1 ইউনিটটি পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ পর্ষদের নিয়ম অনুযায়ী কার্যকরী হয়েছে।
- Stage- 2 এর ইউনিটগুলির উৎপাদন খুব শীঘ্র স্থিরতা পাবে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড

- এপ্রিল- জুন ২০১৭ পর্যন্ত ১.৪৭ ml/khw তেলের ব্যবহার নির্ধারিত মানের মধ্যেই ছিল।

WBPDCL Performance Comparison 2017-18 and 2016-17 (up to June)

DESCRIPTION		KOLAGHAT THERMAL POWER STATION		BAKRESWAR THERMAL POWER STATION		BANDEL THERMAL POWER STATION		SANTALDIH THERMAL POWER STATION		SAGARDIGHI THERMAL POWER STATION		WBPDCL	
		2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17
Generation (MU)		1162.553	1801.458	2005.150	1987.778	555.494	412.865	806.505	924.994	1569.526	960.513	6099.228	6087.608
PLF (%)		42.246	65.464	87.439	86.681	55.900	41.547	73.856	84.706	44.916	73.299	57.404	72.12
Backdown (MU)		116.31	205.36	126.76	144.95	89.766	34.104	22.98	133.58	44.49	196.07	398.405	532.830
Deemed PLF(%)		47.026	73.784	93.548	93.694	66.058	45.461	76.16	98.08	46.335	90.240	61.575	79.253
APC (%)		11.57	10.31	9.52	9.87	11.07	12.31	8.47	8.52	10.30	11.68	10.110	10.24
Ex-bus Availability (MU)		1134.36	1812.48	1945.23	1944.34	585.35	398.58	760.88	977.71	1462.17	1038.98	5887.981	6172.074
Ex-bus Availability (%)		45.60	72.859	93.215	93.173	65.232	44.42	76.57	98.389	45.982	87.128	61.044	80.60
Oil Rate (ml/kwh)		0.875	1.693	0.272	0.387	5.777	6.840	0.338	0.217	2.490	0.612	1.468	1.221
Coal Rate (kg/kwh)		0.803	0.834	0.568	0.652	0.680	0.826	0.627	0.630	0.575	0.620	0.633	0.709
Number of shutdowns	Planned	0	0	0	0	0	1	0	0	0	0	0	1
	Total Forced	22	21	13	8	35	43	5	2	22	9	97	83
	BTL	3	1	1	3	12	13	2	0	4	1	22	18
	LSD	9	13	8	3	6	7	0	2	2	4	25	29
Availability Factor (%)		54.25	90.31	97.17	96.66	76.58	64.38	77.03	95.64	57.46	86.61	82.26	89.02
Loading Factor (%)		77.88	72.49	89.98	89.68	72.99	64.53	95.88	88.57	78.17	84.63	69.78	81.02



সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের EM-OPH ডিপার্টমেন্টের উদ্যোগ

EM-OPH, SgTpp এর আরও একটি নতুন উদ্যোগে SF6 গ্যাস নিষ্কাশন ও রিফিলিং ব্যবস্থা চালু হল। SF6 Circuit breaker কে বায়ুশূন্যতার মাধ্যমে শুষ্ককরণ। ডিলো মেশিনের মত একই রকম কাজ করে, নাম দেওয়া হয়েছে "GELO MACHINE" (Gas evacuation and leading outlet) ।

বিভিন্ন পরিত্যক্ত ও অব্যবহৃত যন্ত্রপাতি উপাদান দিয়ে তৈরি করায় অত্যন্ত কম খরচে মাত্র ৯০ হাজার টাকায় তৈরি করা সম্ভব হয়েছে। এখানে উল্লেখ্য নতুন ডিলো মেশিনের দাম ৫১ লক্ষ টাকা। এই মেশিনের ব্যবহার অত্যন্ত কম, শুধুমাত্র SF6 Circuit breaker সংস্কারে দরকার হয়। High Cost with low use rate আমাদের উৎসাহিত করে অনুরূপ কাজ করার মত একটা ব্যবস্থা গড়ে তোলা, GELO এই প্রচেষ্টায় একটি সফল রূপায়ণ।

এছাড়া আরও একটি কার্যকরী উদ্যোগ, DM PLANT এর INDUSTRIAL COMPUTER CPU এর পরিবর্তে GENERAL COMPUTER CPU সফলভাবে প্রতিস্থাপন করা হয়েছে যা বিগত দুই বৎসর যাবৎ সফলভাবে কাজ করে চলেছে। যেটা বাজারে সহজে এবং কম খরচে উপলব্ধ, যেখানে GENERAL COMPUTER CPU এর মূল্য মাত্র ৩০,০০০ টাকা এবং INDUSTRIAL COMPUTER CPU এর মূল্য ২ লক্ষ টাকা।

EM-OPH এর আরও একটি সাশ্রয়ী পদক্ষেপ হল। কনস্ট্রাকশন্ বিদ্যুতের চাহিদা 3000 KVA থেকে 750 KVA পুনর্বিন্যাস করার ফলে প্রতিবছর (384 টাকা/KVA X 12 মাস X 2250 KVA) 1 কোটি টাকার সাশ্রয় হচ্ছে।

বক্রেশ্বর সিমুলেটর ইন্সটিটিউট

১৯-২৪ জুন ২০১৭ বক্রেশ্বর সিমুলেটর প্রশিক্ষণ ভবনে তাপবিদ্যুৎ প্রকল্পের কারিগরি ও প্রযুক্তিগত প্রশিক্ষণ শিবির আয়োজিত হয়। এই উদ্যোগে বিগত মাসগুলির মত এবারেও ২৫ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণ গ্রহণে সামিল হয়েছিলেন। প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হওয়ায় এবং প্রশিক্ষার্থীরা তাঁদের অভিমতপত্রে এই প্রশিক্ষণের গুরুত্ব ও উপযোগিতা সম্পর্কে সদর্থক মত ব্যক্ত করায় সিমুলেটর দপ্তরের সকল আধিকারিক ও কর্মীরা বিশেষভাবে অনুপ্রাণিত হয়েছেন।

৫-৭ জুন ২০১৭ 'কন্ডিশন মনিটরিং' শীর্ষক একটি আলোচনাসভা আয়োজিত হয় সিমুলেটর ভবনে। আলোচনা সফলভাবে সম্পন্ন হওয়ায় সিমুলেটরের সকল কর্মী ও আধিকারিকবৃন্দ আলোচনায় অংশগ্রহণকারী প্রত্যেককে ধন্যবাদ জানিছেন।

২৬ জুন - ২৬ জুলাই ২০১৭ VT ছাত্রদের সিমুলেটর ট্রেনিং হয় এবং মোট ১৮৮ জন ছাত্র অংশগ্রহণ করে ।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে ESI বিষয়ে সেমিনার

২০১৭ সালের জানুয়ারি মাস থেকে বীরভূম জেলা ESI -এর অন্তর্ভুক্ত হয়। ২০১৭ সালের এপ্রিল মাসে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের অ্যাড্‌মিনিস্ট্রেটিভ বিল্ডিং-এর কনফারেন্স রুম-এ ESI সংক্রান্ত বিষয়ে সেমিনার-এর আয়োজন করা হয়। উক্ত সেমিনার-এ ESI-এর Director, Asst. Director এবং Branch Manager, Durgapur Office উপস্থিত

ছিলেন। এছাড়া বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের কর্তৃপক্ষ এবং বক্রেশ্বরের অধীনে কর্মরত সমস্ত Contractor-রা উপস্থিত ছিলেন।

সাফল্য ও কৃতিত্ব

কেটিপিপি হাইস্কুল —

সৌম্যনীল অধিকারী

সৌম্যনীল অধিকারী (পিতা-সত্যনারায়ণ অধিকারী, কেটিপিএস) এবং শৌভিক রাজ মাইতি (পিতা- ডাঃ আশিস মাইতি, অধ্যাপক) কেটিপিপি হাইস্কুলের বিজ্ঞান বিভাগের মেধাবী ছাত্র। পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত Jagadish Bose National Science Talent Search পরীক্ষায় উভয়েই উজ্জ্বল কৃতিত্বের স্বাক্ষর রেখেছে এবং বৃত্তি লাভ করেছে। পশ্চিমবঙ্গ সরকার সৌম্যনীলের এই কৃতিত্বে, বিদ্যালয়ের পরীক্ষণাগারগুলির উন্নতিকল্পে নগদ ১ লক্ষ টাকা পুরস্কার প্রদান করেছে। সৌম্যনীল ও শৌভিকের এই সাফল্যে আমরা গর্বিত এবং আশা করি আগামীদিনে আরও অনেক ছাত্রছাত্রী এভাবেই বিদ্যালয়ের মুখ উজ্জ্বল করবে।

শৌভিক রাজ মাইতি

পশ্চিমবঙ্গের শিক্ষা মানচিত্রে পূর্ব মেদিনীপুর জেলার অবদান সর্বজনবিদিত। সাফল্যের হারে প্রথম স্থানাধিকারী এই জেলার কেটিপিপি হাইস্কুল প্রতিবারের মতো ২০১৬-১৭ শিক্ষাবর্ষেও উল্লেখ্যযোগ্য কৃতিত্বের দাবিদার। মাধ্যমিক পরীক্ষায় ১৮৯ জন ছাত্রছাত্রী প্রত্যেকেই সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছে। ৬৭৪ নম্বর পেয়ে প্রথম হয়েছে রিয়া দাস (পিতা- রণজয় দাস, ফিজিওথেরাপিস্ট), দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে অরিত্রা নাথ (প্রাপ্ত নম্বর ৬৭৩, পিতা- অভিজিৎ নাথ, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, কেটিপিএস), অঙ্কিতা নন্দী (প্রাপ্ত নম্বর ৬৭১, পিতা-দীপক নন্দী, ডিজিএম, কেটিপিএস)।

রিয়া দাস

অরিত্রা নাথ

অঙ্কিতা নন্দী

মাধ্যমিকের মতো উচ্চ মাধ্যমিক পরীক্ষায় তিনটি বিভাগেই (বিজ্ঞান বিভাগ, কলা বিভাগ, বাণিজ্য বিভাগ) ছাত্রছাত্রীদের সাফল্য চোখে পড়ার মতো। বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে অগ্নিভ দাস (প্রাপ্ত নম্বর - ৪৪৮, পিতা - অশোক কুমার দাস, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, কেটিপিএস)। কলা বিভাগে প্রথম হয়েছে অয়ন্তিকা সর্দার (প্রাপ্ত নম্বর - ৪৪৪, পিতা- গোপাল সর্দার, অ্যাসিস্ট্যান্ট টিচার, কেটিপিপি হাইস্কুল), আর বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে সোমনাথ ব্যানার্জী (প্রাপ্ত নম্বর - ৪১৯, পিতা- দেবাশীষ ব্যানার্জী, চার্জম্যান, কেটিপিএস)।

ছাত্রছাত্রীদের এই সাফল্যে অভিভাবকদের পাশাপাশি বিদ্যালয় কর্তৃপক্ষও গর্বিত। আশা করা যায় প্রতিটি ছাত্রছাত্রী এভাবেই উচ্চ শিক্ষায় মৌলিক কৃতিত্বের অধিকারী হবে।

অগ্নিভ দাস

অয়ন্তিকা সর্দার

সোমনাথ ব্যানার্জী

বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয় —

২০১৭-এর মাধ্যমিক পরীক্ষায় বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়ের ৫৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাসের হার ১০০%। তাঁদের মধ্যে ২৭ জন স্টার মার্কস সহ মোট ৪২ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে । পূর্ণমান ৭০০-এর মধ্যে ৬৬৬ নম্বর পেয়ে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে প্রথম হয়েছে মৌপিয়া ভৌমিক (পিতা-শ্রী সমীর কুমার ভৌমিক, Asst. Manager, Store, BkTPP)। ৬৫৭ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে অতনু ভট্টাচার্য (পিতা-শ্রী কেশব ভট্টাচার্য)। ৬৫৪ নম্বর পেয়ে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে তৃতীয় হয়েছে নিশা বাড়ুই (পিতা-শ্রী পরীক্ষিৎ বাড়ুই, Asst. Manager, PS, CHP Operation, BkTPP)।

মৌপিয়া ভৌমিক

অতনু ভট্টাচার্য

নিশা বাড়ুই

২০১৭-এর উচ্চমাধ্যমিক পরীক্ষায় বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয় অভূতপূর্ব সাফল্য লাভ করেছে। বিদ্যালয়ের ৬৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাসের হার ১০০%। তাঁদের মধ্যে ৩৪ জন স্টার মার্কস সহ ৬৫ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে । বিজ্ঞান বিভাগে পূর্ণমান ৫০০- এর মধ্যে ৪৭১ নম্বর পেয়ে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে প্রথম হয়েছে অনিক দত্ত (পিতা-শ্রী পার্থপ্রতিম দত্ত)। ৪৬১ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে কৃষ্ণাশিস দাস (পিতা-শ্রী কমল কুমার দাস, Senior Manager, CC & FE, BkTPP)। ৪৫৮ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে সমাদৃতা ঘোষাল (পিতা-শ্রী কমলা চরণ ঘোষাল, Asst. Manager, Store & Purchase, BkTPP)।

অনিক দত্ত

কৃষ্ণাশিস দাস

সমাদৃতা ঘোষাল

এছাড়াও, বিদ্যালয়ের ছাত্র এবং এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী, অগ্নিভ বন্দ্যোপাধ্যায় (পিতা- শ্রী রাজীব বন্দ্যোপাধ্যায়, Asst. Manager (PS), Mechanical Operation, BkTPP) উচ্চমাধ্যমিকে প্রত্যাশিত সাফল্য সহ WB Joint Entrance (Main) পরীক্ষায় রাজ্যের মধ্যে ত্রয়োদশ (13th) Rank করে বিদ্যালয়কে গর্বিত করেছে। সর্বভারতীয় স্তরে WBJEE Advance পরীক্ষায় (যা ভারতবর্ষের IIT গুলিতে প্রবেশিকা পরীক্ষা) অগ্নিভ'র Rank 1784, যা অত্যন্ত প্রশংসনীয়।

অগ্নিভ বন্দ্যোপাধ্যায়

বিদ্যালয়ের তরফ থেকে এদের সকলের প্রতি আন্তরিক অভিনন্দন ও আগামী দিনের শুভকামনা।

বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্র অর্কদেব মান্না (পিতা - শ্রী অর্দ্ধেন্দু মান্না, Office Executive, HR & A, BkTPP) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে আয়োজিত, National Level Science Talent Search Examination (NSTSE) পরীক্ষায় সর্বভারতীয় স্তরে দশম স্থান অধিকার করেছে। এছাড়াও, International Mathematics Olympiad (IMO) পরীক্ষায় অর্কদেব 66th International Rank (Zonal Rank-2) অর্জন করেছে।

অর্কদেব মান্না

অর্কদেব-এর এই সাফল্য বিদ্যালয়ের মুখ উজ্জ্বল করেছে। আগামী দিনে অর্কদেব-এর আরও সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভেচ্ছা রইল।

জীবন একটা ভাব। তার ওপারে রয়েছে আরো কিছু। পরিবর্তনই জীবন। জীবনের ওপারে রয়েছে অপরিবর্তন, অমরত্ব আর অবিনশ্বরত্ব। জীবন হল বন্ধন। জীবনের ওপারে রয়েছে মুক্তি।

প্রথমত মুক্তির ধারণা; তারপর মুক্তির ইচ্ছা; তারপর মুক্তির প্রচেষ্টা; তারপর মুক্তির উপলব্ধি। ... আমাদের বিবর্তনের উদ্দীপনা আসে অন্তরাত্মার প্রেরণা থেকেই।

— ভগিনী নিবেদিতা

সচেতনতা

ভারত তথা পশ্চিমবঙ্গের সৌরবিদ্যুতের মানচিত্র

দেবাশিষ পাল, জুনিয়র ম্যানেজার (পিএস), এসজিটিপিপি

Ministry of New and Renewable Energy (MNRE) -এর তথ্য অনুযায়ী (৩০/০৮/২০১৭) বর্তমানে ভারতের সৌরবিদ্যুৎ উৎপাদন ক্ষমতা প্রায় ১২.৫ গিগাওয়াট। উল্লেখ্য Central Electricity Authority(CEA)- এর তথ্য অনুযায়ী (৩০/০৪/২০১৭) ভারতের সর্বমোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩২৯২০৫ মেগাওয়াট।

বিগত পাঁচটি অর্থবর্ষে ভারতের সৌরবিদ্যুৎ উৎপাদন ক্ষমতার পরিসংখ্যানটি নিম্নরূপ :

অর্থবর্ষ	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭
উৎপাদন ক্ষমতা (মেগাওয়াট)	১৬৮৬	২৬৩২	৩৭৪৪	৬৭৬৩	১২২৮৮

পরিসংখ্যানটি বিশ্লেষণ করলে দেখা যায়, ২০১২-১৩ অর্থবর্ষের তুলনায় ২০১৬-১৭ অর্থবর্ষে সৌরবিদ্যুতের উৎপাদন ক্ষমতা প্রায় ৭গুণ বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থবর্ষে ৩.০১ গিগাওয়াট এবং ২০১৬-১৭ অর্থবর্ষে ৫.৫২৫ গিগাওয়াট উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে । উল্লেখ্য, ২০১৭-১৮ অর্থবর্ষে ভারত ৭৭৫০ মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ধার্য করেছে।

বিভিন্ন অর্থবর্ষে ভারতের গ্রিড সংযুক্ত সৌরবিদ্যুৎ উৎপাদনের পরিমাণ নিম্নে উল্লেখ করা হল :

অর্থবর্ষ	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭
উৎপাদনের পরিমাণ (বিলিয়ন কিলোওয়াট-ঘন্টা)	৩.৩৫	৪.৬০	৭.৪৫	১২.০৯

Ministry of New and Renewable Energy (MNRE) এর ২০১৬-১৭ সালের রিপোর্ট অনুযায়ী, ভারতে সৌরবিদ্যুৎ উৎপাদনে প্রথম অন্ধ্রপ্রদেশ (১২৯৪.২৬ মেগাওয়াট), দ্বিতীয় কর্ণাটক (৮৮২.৩৮ মেগাওয়াট), তৃতীয় তেলেঙ্গানা (৭৫৯.১৩ মেগাওয়াট)। পরবর্তী রাজ্যগুলি হল যথাক্রমে রাজস্থান (৫৪৩ মেগাওয়াট), তামিলনাড়ু (৬৩০.০১ মেগাওয়াট), পাঞ্জাব (৩৮৮ মেগাওয়াট), উত্তরপ্রদেশ (১৯৩.২৪ মেগাওয়াট), এবং উত্তরাখন্ড (১৯২.৩৫ মেগাওয়াট)। ভারতের সৌরবিদ্যুতের প্রায় ৮০% এই আটটি রাজ্যে উৎপাদিত হয়।

পরিসংখ্যান থেকে জানা গেছে, ভারতে বছরে গড়ে প্রায় ৩০০ দিন পরিষ্কার ও রৌদ্রোজ্জ্বল দিন পাওয়া যায় এবং গণনা অনুযায়ী, প্রতি বছর ভারতীয় ভূ-খন্ডে পতিত সৌরশক্তির পরিমাণ প্রায় ৫০০০ ট্রিলিয়ন কিলোওয়াট-ঘন্টা। হিসাব করে দেখা গেছে যে ভারতে প্রায় আনুমানিক ৭৪৮ গিগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা বর্তমান।

২০১৫ সালে ভারত সরকার সৌরবিদ্যুৎ উৎপাদনের জন্য ১০০ বিলিয়ন

মার্কিন ডলার খরচ করার পরিকল্পনা গ্রহণ করেছে এবং ২০২২ সালের মধ্যে ১৭৫ গিগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করেছে। এর মধ্যে ১০০ গিগাওয়াট গ্রিড সংযুক্ত সৌরবিদ্যুৎ রয়েছে। উল্লেখ্য, ২০১৪ সালে সমগ্র পৃথিবীতে সৌরবিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ছিল ১৮১ গিগাওয়াট। সুতরাং, ভারত সরকারের এই পদক্ষেপ সত্যিই একটি যুগান্তকারী পদক্ষেপ বলে গণ্য করা যেতে পারে। পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ মন্ত্রকের তথ্য অনুযায়ী, বর্তমানে পশ্চিমবঙ্গে গ্রিড কানেক্টেড সৌরবিদ্যুৎ-এর উৎপাদন ক্ষমতা ৭ মেগাওয়াট। এর মধ্যে West Bengal Green Energy Development Corporation Limited (WBGEDCL)-এর ২ মেগাওয়াট এবং Hindustan Power Limited (HPL)- এর ৫ মেগাওয়াট। পশ্চিমবঙ্গ সরকার আগামী ২০১৭-১৮ অর্থবর্ষের মধ্যে ১৮০ মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করেছে। সোলার প্যানেল বসানোর জন্য ইতিমধ্যে ১৩০০ সরকারি অফিস, স্কুল, হসপিটাল ইত্যাদি চিহ্নিতকরণ করা হয়েছে। সরকার এই প্রকল্পের জন্য ইতিমধ্যে ১০০০ কোটি টাকা অর্থ বরাদ্দ করেছে। উল্লেখ্য, পশ্চিমবঙ্গে গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সৌরবিদ্যুৎ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে চলেছে।

ভারত সরকার ২০৩০ সালের মধ্যে ভারতের মোট বিদ্যুৎ চাহিদার ৪০% অচিরাচরিত শক্তির উৎস থেকে পূরণ করার লক্ষ্য স্থির করেছে। বর্তমানে সৌরবিদ্যুৎ উৎপাদনে পৃথিবীতে চীন প্রথম ও আমেরিকা দ্বিতীয়। ভারতের সৌরবিদ্যুৎ উৎপাদনে অগ্রগতি যদি এইভাবে হতে থাকে তবে আগামী বছর ভারত সৌরবিদ্যুৎ উৎপাদনে পৃথিবীতে তৃতীয় স্থান অধিকার করবে বলে আশা করা যায়।

পরিবেশ দিবস উদ্‌যাপন

৫ জুন ২০১৭ **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে** বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়। এই দিনটিকে সামনে রেখে পরিবেশ সচেতন করার লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবছরেও বক্রেশ্বর কর্তৃপক্ষের সক্রিয় সহযোগিতায় ব্যাটারী চালিত টোটো সম্বলিত একটি সুন্দর প্রভাতফেরীর আয়োজন করা হয়।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের বিভিন্ন বিভাগীয় মানুষের অংশগ্রহণ এই পরিবেশ সচেতনতার উদ্যোগকে এক অন্য মাত্রা দেয়। শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায় এবং অন্যান্য সকলের উপস্থিতিতে এই প্রভাতফেরী বক্রেশ্বর উপনগরী প্রদক্ষিণ করে। পরিবেশগত বিভিন্ন স্লোগানকে সম্বল করে, ছোট ছেলেমেয়েদের আগ্রহকে মূলধন করে পরিবেশ সচেতনতার এই প্রয়াস এক অভূতপূর্ব সাড়া ফেলে ।

পরিবেশ দিবসের সকালে পরিবেশের বিভিন্ন বিষয়ের ওপর ছোট থেকে বড়দের বিভিন্ন বিভাগে ভাগ করে অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বহু প্রতিযোগীর অংশগ্রহণে এই অনুষ্ঠানটি অত্যন্ত সাফল্যের সাথে উদ্‌যাপিত হয়। এছাড়াও সর্বসাধারণের জন্য পরিবেশের ওপর একটি স্লোগান প্রতিযোগিতার আয়োজন করা হয়।

২৮ জুন ২০১৭ এইসব বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরস্কার নির্ধারণ করেন বিশ্বভারতীর প্রাক্তন কলাবিভাগের প্রধান শ্রী প্রবীর বিশ্বাস ও শ্রী গুনিন্দ্র নাথ চ্যাটার্জি, প্রাক্তন Soil Scientist। অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল বোলপুরের স্থাপনা-এর শিশুশিল্পী দ্বারা কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের পরিবেশ বান্ধব উপস্থাপনা

'বলাই'। এছাড়াও স্থাপন প্রযোজিত শিশুশিল্পীদের পরবর্তী নিবেদন লীলা মজুমদারের 'তিনভূত' উপস্থিত সকলকে প্রভূত আনন্দ দেয়। শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়, তৎকালীন জেনারেল ম্যানেজার, বিকেটিপিপি-এর উপস্থিতিতে শ্রী প্রবীর বিশ্বাস ও শ্রী গুনিন্দ্রনাথ চট্টোপাধ্যায়-এর পূর্ব অভিজ্ঞতার বর্ণনা পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে সমৃদ্ধ করে এবং এক অনন্য মাত্রা এনে দেয়।

৫ জুন ২০১৭ **সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের পরিবেশ দপ্তর**-এর উদ্যোগে "বিশ্ব পরিবেশ দিবস" বিশেষভাবে পালন করা হয়। ঐ দিন সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের প্লান্ট ও উপনগরীর বিভিন্ন জায়গায় পরিবেশ সংক্রান্ত ব্যানার ও ব্যাজ প্রদর্শন করা হয়। শ্রী অলক দত্ত রায়,

জেনারেল ম্যানেজার জিএম বিল্ডিং এর সন্নিকটে কর্মী ও আধিকারিক সমন্বয়ে চারা গাছ রোপণ করেন এবং এই বছরে ১০০০টি চারা গাছ রোপণের কর্মসূচির সূচনা করেন।

৫ জুন ২০১৭ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা ও কর্তৃপক্ষের সিভিল ডিপার্টমেন্ট**-এর যৌথ উদ্যোগে আয়োজিত হয় বৃক্ষরোপণ উৎসব। উপস্থিত ছিলেন শ্রী স্বপন মাইতি, তৎকালীন জেনারেল ম্যানেজার, সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র এবং অন্যান্য উচ্চ আধিকারিকবৃন্দ।

৫ জুন ২০১৭ পরিবেশ দপ্তর বিটিপিএস-এর পরিচালনায় **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে** বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়। এই

উপলক্ষে বিটিপিএস কর্তৃপক্ষ, বিভিন্ন আধিকারিক এবং অন্যান্য কর্মীদের মধ্যে পরিবেশ সচেতনতা সংক্রান্ত ব্যাজ এবং পুস্তিকা বিতরণ করা হয় এবং প্লান্টের ভিতরে সকল আধিকারিকবৃন্দের উপস্থিতিতে বৃক্ষরোপণ করা হয়। এইভাবে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস ২০১৭ পালিত হয়।

৫ জুন ২০১৭ **কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স রিক্রিয়েশন ক্লাব**-এর প্রাঙ্গণে বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপিত হয়। শ্রী তাপস পাত্র, জেনারেল ম্যানেজার,কেটিপিএস বৃক্ষরোপণের মাধ্যমে অনুষ্ঠানের শুভসূচনা করেন । উপনগরীর বাসিন্দাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দিনটি উজ্জ্বল হয়ে ওঠে।

ইন্টারন্যাশনাল নার্সেস ডে

১২ মে ২০১৭ সারা পৃথিবীজুড়ে স্বনামধন্য লেখিকা, সমাজ সংস্কারক, আধুনিক নার্সিং-এর প্রণেতা, ফ্লোরেন্স নাইটিঙ্গেল (LADY WITH THE LAMP)-এর জন্মদিন ইন্টারন্যাশনাল নার্সেস ডে হিসাবে পালিত হয়।

অন্যান্যবারের মত এবছরেও বিটিপিএস হাসপাতালে এই দিনটা যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হয়।

হাসপাতালের বর্তমান ও প্রাক্তন নার্সিং স্টাফ, বিভিন্ন বিভাগীয় আধিকারিক, হাসপাতালের ডাক্তার সহ সকল কর্মী এবং বিভিন্ন কর্মী সংগঠনের নেতৃবৃন্দের সক্রিয় অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে।

এই পুণ্যলগ্নে হাসপাতালের ইমার্জেন্সি বিভাগের সন্নিকটে পরিবর্তিত ও পরিমার্জিত নতুন 'নার্সিং স্টেশন'- এর দ্বারোদ্ঘাটন করেন প্রধান অতিথি শ্রী দেবাশিষ মাইতি, ডিজিএম (IC), বিটিপিএস।

কেটিপিপি হাইস্কুলে জ্যোতির্বিদ্যা বিষয়ক আলোচনা

৫ মে ২০১৭ কেটিপিপি হাইস্কুলের উদ্যোগে 'বলাকা মঞ্চ' -এ আন্তর্জাতিক পর্যায়ের জ্যোতির্বিদ্যা বিষয়ক আলোচনাসভা- 'সৌরজগতের নতুন রূপ' অনুষ্ঠানটি হয় । সভায় এম পি বিড়লা তারামন্ডলের অধিকর্তা এবং নাসা'র অ্যাসোসিয়েট ডঃ দেবীপ্রসাদ দুয়ারীর আলোকোজ্জ্বল উপস্থিতি এবং তার গবেষণামূলক আলোচনা ছাত্রছাত্রীদের ঋদ্ধ করে। আলোচনায় উঠে আসে বিশ্ব ব্রহ্মান্ডের সৃষ্টি রহস্য, মহাকাশ সংক্রান্ত অজানা তথ্য ও তত্ত্ব, মঙ্গল অভিযান এবং মহাকাশ গবেষণায় ভারতের সাফল্যের নানা দিক। বিদ্যালয়ের তরফ থেকে প্রধান শিক্ষক শ্রী তাপস রায় চৌধুরী এবং সহকারী প্রধান শিক্ষিকা শ্রীমতি মৌসুমী সেনগুপ্ত, সম্মাননা স্মারক, উত্তরীয় এবং জেলার ঐতিহ্যশালী গহনাবড়ি প্রদান করে ডঃ দুয়ারীকে সম্বর্ধনা জ্ঞাপন করেন।

উপস্থিত ছিলেন শ্রী তাপস পাত্র, জেনারেল ম্যানেজার, কেটিপিএস; আবু সালেহ্, সিনিয়র ম্যানেজার (এইচ আর অ্যান্ড এ), কেটিপিএস; শ্রী শ্রীকান্ত ওঝা, সিনিয়র ম্যানেজার (পি এস), কেটিপিএস এবং অন্যান্য উচ্চ আধিকারিকবৃন্দ। সভা শেষে ডঃ দুয়ারী ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকাদের সক্রিয় অংশগ্রহণের উচ্ছ্বসিত প্রশংসা করেন।

সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

৫-৮ জুন ২০১৭ প্রতি বৎসরের ন্যায় **কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স রিক্রিয়েশন ক্লাব**-এর উপগৃহে চারদিন ব্যাপী বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপনগরীর বাসিন্দাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি আনন্দমুখর হয়ে ওঠে।

১০-১২ জুন ২০১৭ **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প অফিসার্স ক্লাব**-এর বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান সৃজনী প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়। শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়, তৎকালীন জেনারেল ম্যানেজার, বিকেটিপিপি প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন । প্রথম দিনের আকর্ষণ ছিল

ক্লাব সদস্য এবং সদস্যাদের নাচের অনুষ্ঠান এবং সদস্য-সদস্যাদের দ্বারা নাটক পরিবেশন। দ্বিতীয় দিনের আকর্ষণ ছিল ষড়ভুজের কিছু শিল্পকলা এবং শ্রী তন্ময় বসুর তবলা বাজানোর অনুষ্ঠান। তৃতীয় দিনের আকর্ষণ ছিল রাঙামাটি গোষ্ঠীর কিছু লোকসংগীত এবং শেষে সারেগামা খ্যাত পার্থর গান এবং মুম্বই থেকে আগত হেমা সারদেশাই এর কিছু হিট গান। এই বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান সকলকে খুব আনন্দ দিয়েছে এবং ওই

তিন দিনের দর্শক সংখ্যা বিশেষভাবে উল্লেখযোগ্য।

সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প বিনোদন সংস্থা-র দশম বার্ষিক সাংস্কৃতিক উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী অমরনাথ পাল, ডেপুটি জেনারেল ম্যানেজার ও অন্যান্য আধিকারিকবৃন্দ।

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন সঙ্গীতশিল্পী ইমন চ্যাটার্জী এবং জি সা রে গা মা পা খ্যাত অদ্রিজা।

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানে উপনগরীর ছোট ছোট বাচ্চাদের নিয়ে নৃত্যনাট্য 'তাসের দেশ'-এর একটি মুহূর্ত

৪-৬ এপ্রিল ২০১৭ **সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প অফিসার্স ক্লাব** কর্তৃক বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ''উজান'' অনুষ্ঠিত হয়। বিশিষ্ট সংগীতশিল্পী পটা ও লগ্নজিতার উপস্থাপনা উপনগরীর বাসিন্দাদের মুগ্ধ করে।

এছাড়াও কোহিনুর সেন বরাট এবং উপনগরীর অন্যান্য শিশুশিল্পী কর্তৃক নৃত্যানুষ্ঠান সকলের মনে অনাবিল আনন্দের সঞ্চার করে। প্রকল্পের উচ্চপর্যায়ের আধিকারিকদের উপস্থিতি সমগ্র অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করে।

৪-৬ এপ্রিল ২০১৭ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স ক্লাব**-এর বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান প্রতি বছরের ন্যায় এবছরও আয়োজন করা হয়। তিনদিন ব্যাপী এই অনুষ্ঠান ''হিল্লোল'' কে ঘিরে ক্লাব সদস্য ও টাউনশিপের সকল অধিবাসীর উন্মাদনা ছিল যথেষ্ট । এপ্রিল মাসের ৪-৬ অর্থাৎ তিনদিন ধরে অনুষ্ঠান আয়োজিত হয়েছিল।

৪ এপ্রিল অনুষ্ঠানের উদ্বোধন করেন শ্রী স্বপন মাইতি, তৎকালীন জেনারেল ম্যানেজার, এসটিপিএস। উদ্বোধনী অনুষ্ঠানের শিল্পী মধুরিমা ভট্টাচার্যর গান দিয়ে যাত্রা শুরু হয় হিল্লোলের। শিল্পীর গান অনুষ্ঠানের সুর বেঁধে দেয়। উপস্থিত সকলের মন থেকে গানের রেশ মিলিয়ে যাওয়ার আগেই ''সঞ্জয় মন্ডল ও গ্রুপ'' তাদের নতুন ধরনের বাদ্যযন্ত্র দিয়ে নতুন সুর নিয়ে উপস্থিত হয়।

৫ এপ্রিল অনুষ্ঠানের দ্বিতীয় দিন-এ ছিল ওডিসি নৃত্য ও বর্ষসেরা গায়িকা ইমন চক্রবর্তীর গান।

৬ এপ্রিল তৃতীয় দিনের প্রথম অনুষ্ঠান ছিল গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড -এ নাম তোলা বিখ্যাত ফুটবল জাগলার মনোজ মিশ্রর ফুটবল

ও ফায়ার জাগলিং শো। এরপরের অনুষ্ঠান ছিল মুম্বই এর বিশিষ্ট গায়িকা অন্বেষা দত্তগুপ্তর গান।

২৭-২৮ মে ২০১৭ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা**-র বার্ষিক সাংস্কৃতিক প্রতি--যোগিতা অনুষ্ঠিত হয়। সংস্থার সমস্ত সদস্য/সদস্যা ও তাদের পরিবারবর্গ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

২৮ এপ্রিল - ১ মে ২০১৭ **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প অফিসার্স ক্লাব**-এর বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার অন্যতম আকর্ষণ ছিল বসে আঁক প্রতিযোগিতা। বিভিন্ন বিভাগে প্রচুর প্রতিযোগী অংশগ্রহণ করে। প্রতিটি বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয়। বাচ্চাদের সান্ত্বনা পুরস্কার দেওয়া হয়। সদস্য এবং সদস্যাদের উপস্থিতি প্রতিযোগীদের উৎসাহিত করে এবং প্রতিযোগিতাকে সাফল্যমন্ডিত করে তোলে।

ব্যান্ডেল তাপবিদ্যুৎ বিনোদন সংস্থার উদ্যোগে আয়োজিত আন্তঃসাংস্কৃতিক প্রতিযোগিতায় সাগরদীঘি তাপবিদ্যুৎ বিনোদন সংস্থার প্রতিনিধিদের আগমনের একটি মুহূর্ত

রবীন্দ্র জন্মোৎসব পালন

বিকেটিপিপি হোলিমাদার ইংলিশ মিডিয়াম প্রাইমারী স্কুল-এর উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম জন্মদিবস বিদ্যালয় প্রাঙ্গণে আড়ম্বর সহকারে অনুষ্ঠিত হয়। ছাত্রছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতায় অনুষ্ঠানটি সকলের দৃষ্টি আকর্ষণ করে। প্রথমে রবীন্দ্র প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। এরপর সমবেত সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। বিদ্যালয়ের কচিকাঁচারা তাঁদের প্রতিভার উজ্জ্বল স্বাক্ষর রাখে। সর্বশেষে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং অন্যান্য শিক্ষকেরা রবীন্দ্রনাথের জীবনাদর্শ ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরেন।

৯ মে ২০১৭ **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প বিনোদন সংস্থা**-র উদ্যোগে কবিগুরুর ১৫৬তম রবীন্দ্র জয়ন্তী পালন করা হয়। এই উদ্‌যাপনের প্রভাতফেরীর একটি দৃশ্য –

৮ এপ্রিল ২০১৭ **কেটিপিএস প্রমোদ সংস্থা**-র আয়োজনে বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী মনীষা মুরলী নায়ারের উপস্থিতিতে রবীন্দ্রসঙ্গীত কর্মশালা অনুষ্ঠিত হয়।

৯ জুলাই ২০১৭ রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে UBI ব্যাংকের মাঠে **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স ক্লাব** 'কবি প্রণাম অনুষ্ঠান'-এর আয়োজন করে। কবিগুরুর জন্মতিথিকে সুন্দরভাবে পালন করার জন্য

আয়োজন করা হয়েছিল রবীন্দ্র সংগীত, ছোটোদের রবীন্দ্রনৃত্য, শ্রুতিনাটক ও ক্লাব সদস্যাদের রবীন্দ্র নৃত্য। অনুষ্ঠানের উদ্বোধন করেন শ্রী অম্বিকা সরন সিং, DGM (FM) ও শ্রী নিখিল কুমার চন্দ, DGM (C&I)।

ত্রিবেণী থার্মাল ডা. বিধানচন্দ্র রায় উচ্চ বিদ্যালয়-এ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী পালিত হল। কবির সৃষ্টির মাধ্যমেই তাঁকে শ্রদ্ধা জানানো হয়। ২০ মে ২০১৭ কবির প্রতিকৃতিতে মাল্যদান ও শ্রদ্ধার্ঘ্য নিবেদন করে অনুষ্ঠানের সূচনা করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মহাশয়া ও তৎসহ সকল শিক্ষক-শিক্ষিকা। ছাত্রছাত্রীদের প্রয়াসে রবীন্দ্রগীতি ও রবীন্দ্র নৃত্যনাট্য 'চিত্রাঙ্গদা' র বর্ণাঢ্য পরিবেশন অনুষ্ঠানটিকে সফল করে তোলে।

নাট্য উৎসব

২২-২৪ মে ২০১৭, প্রতি বছরের ন্যায় এবছরও **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স ক্লাব** নাট্য উৎসব-এর আয়োজন করে এবং তিনদিন ব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন শ্রী দেবাশিষ ভট্টাচার্য, DGM (M&C), শ্রী প্রদীপ্ত মুখার্জ্জী, DGM (Mech.Maint.) ও শ্রী প্রবীর কুমার বসু, DGM (F&A) ।

অনুষ্ঠানের প্রথম ও দ্বিতীয় দিনে ছিল ক্লাব সদস্য ও সদস্যাদের দ্বারা অভিনীত নাটক ''আস্তানা'' ও ''স্মৃতিসুধা''। অনুষ্ঠানের শেষদিন ছিল বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প রিক্রিয়েশন ক্লাবের সদস্য ও সদস্যাদের দ্বারা অভিনীত হাসির নাটক ''অবশেষে''।

২১ জুন ২০১৭ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা**-র পরিচালনায় মহুল মঞ্চে অনুষ্ঠিত হয় সামাজিক নাটক ''বধূতন্ত্র''। নাটকে অভিনয় করেন কর্মী প্রমোদ সংস্থার সদস্য ও সদস্যারা ।

নাটক (বধূতন্ত্র) এর একটি বিশেষ মুহূর্তের ছবি

১৬ এপ্রিল ২০১৭ **কেটিপিএস প্রমোদ সংস্থা**-র নাট্য প্রশিক্ষণ কেন্দ্রের পরিচালনায় উপনগরীর শিশু শিল্পী দ্বারা অভিনীত শিশু নাটক 'গ-এ আসছে গাধা' সবার মন জয় করে।

বর্ষবরণ

১৫ এপ্রিল ২০১৭ বাংলা নববর্ষ (১৪২৪) উপলক্ষে **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প বিনোদন সংস্থা**-র উদ্যোগে বর্ষবরণ উদ্‌যাপিত হয়। এই উপলক্ষে সন্ধ্যায় রবীন্দ্র সংগীত, রবীন্দ্র কবিতা, আবৃত্তি সহযোগে একটি সুন্দর

ও ফায়ার জাগলিং শো। এরপরের অনুষ্ঠান ছিল মুম্বই এর বিশিষ্ট গায়িকা অন্বেষা দত্তগুপ্তর গান।

২৭-২৮ মে ২০১৭ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা**-র বার্ষিক সাংস্কৃতিক প্রতি--যোগিতা অনুষ্ঠিত হয়। সংস্থার সমস্ত সদস্য/সদস্যা ও তাদের পরিবারবর্গ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

২৮ এপ্রিল - ১ মে ২০১৭ **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প অফিসার্স ক্লাব**-এর বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার অন্যতম আকর্ষণ ছিল বসে আঁক প্রতিযোগিতা। বিভিন্ন বিভাগে প্রচুর প্রতিযোগী অংশগ্রহণ করে। প্রতিটি বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয়। বাচ্চাদের সান্ত্বনা পুরস্কার দেওয়া হয়। সদস্য এবং সদস্যাদের উপস্থিতি প্রতিযোগীদের উৎসাহিত করে এবং প্রতিযোগিতাকে সাফল্যমন্ডিত করে তোলে।

ব্যান্ডেল তাপবিদ্যুৎ বিনোদন সংস্থার উদ্যোগে আয়োজিত আন্তঃসাংস্কৃতিক প্রতিযোগিতায় সাগরদীঘি তাপবিদ্যুৎ বিনোদন সংস্থার প্রতিনিধিদের আগমনের একটি মুহূর্ত

রবীন্দ্র জন্মোৎসব পালন

বিকেটিপিপি হোলিমাদার ইংলিশ মিডিয়াম প্রাইমারী স্কুল-এর উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম জন্মদিবস বিদ্যালয় প্রাঙ্গণে আড়ম্বর সহকারে অনুষ্ঠিত হয়। ছাত্রছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতায় অনুষ্ঠানটি সকলের দৃষ্টি আকর্ষণ করে। প্রথমে রবীন্দ্র প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। এরপর সমবেত সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। বিদ্যালয়ের কচিকাঁচারা তাঁদের প্রতিভার উজ্জ্বল স্বাক্ষর রাখে। সর্বশেষে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং অন্যান্য শিক্ষকেরা রবীন্দ্রনাথের জীবনাদর্শ ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরেন।

৯ মে ২০১৭ **বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প বিনোদন সংস্থা**-র উদ্যোগে কবিগুরুর ১৫৬তম রবীন্দ্র জয়ন্তী পালন করা হয়। এই উদ্‌যাপনের প্রভাতফেরীর একটি দৃশ্য –

৮ এপ্রিল ২০১৭ **কেটিপিএস প্রমোদ সংস্থা**-র আয়োজনে বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী মনীষা মুরলী নায়ারের উপস্থিতিতে রবীন্দ্রসঙ্গীত কর্মশালা অনুষ্ঠিত হয়।

২৩-২৬ এপ্রিল ২০১৭ চারদিন ব্যাপী **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা**-র উদ্যোগে শিশুদের মানসিক বিকাশ বৃদ্ধির উদ্দেশ্যে আয়োজিত হল "আর্ট এক্সেল" এর একটি ওয়ার্কশপ, যেখানে ৪-১২ বছর বয়সী শিশুরা অংশগ্রহণ করে।

১২ জুন ২০১৭ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা**-র উদ্যোগে ক্লাবের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হয় । এই অনুষ্ঠানে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার, সারা বছরে যে ইন্‌ডোর খেলাগুলি অনুষ্ঠিত হয়েছিল তার পুরস্কার এবং ১৫ আগস্ট ২০১৬ যে ড্রইং প্রতিযোগিতা ও স্লোগান রচনা প্রতিযোগিতা হয়েছিল তার পুরস্কার দেওয়া হয়। উপস্থিত ছিলেন শ্রী অম্বিকা সরন সিং, ডিজিএম (ফুয়েল)।

খেলা

১৫ মে ২০১৭ **কেটিপিএস প্রমোদ সংস্থা**-র আচ্ছাদিত ব্যাডমিন্টন কোর্টের শুভ উদ্বোধন করলেন শ্রী তাপস পাত্র, জেনারেল ম্যানেজার, কেটিপিএস।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প বিনোদন সংস্থা-র উদ্যোগে ছোটদের সুইমিং পুল-এর উদ্বোধন করেন শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়, তৎকালীন জেনারেল ম্যানেজার, বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প।

২১ জুন ২০১৭ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা** থেকে ইন্টার ডব্লুবিপিডিসিএল ক্রিকেট প্রতিযোগিতায় বিজয়ী দল, সাঁওতালডি কর্মী প্রমোদ সংস্থার প্রত্যেক খেলোয়াড়কে সংবধর্না দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী অলক ঘোষ, ডিজিএম (ইলেকট্রিক্যাল) ও শ্রী দেবাশিষ ভট্টাচার্য, ডিজিএম (এম অ্যান্ড সি) ।

সাগরদীঘি থার্মাল পাওয়ার রিক্রিয়েশন ক্লাব (SgTPRC)—এর উদ্যোগে উপনগরীর ছোট ছোট বাচ্চাদের প্রদর্শনী ফুটবল খেলা হয় রঘুনাথগঞ্জের ম্যাকাঞ্জি পার্ক মাঠে।

প্রিয় সহকর্মিবৃন্দ যাঁরা আমাদের প্রতিষ্ঠানে তাঁদের সুদীর্ঘ কর্মজীবন সম্পন্ন করলেন

নাম	পদ	কর্মস্থল	তারিখ
উজ্জ্বল কুমার মজুমদার	সিনিয়র ম্যানেজার (পিএস)	এসটিপিএস	৩০-৪-২০১৭
কুমুদ রঞ্জন দাস	টেকনিশিয়ান - গ্রেড ১ (সি অ্যান্ড আই)	এসটিপিএস	”
কালীপদ সেন	অপারেটর/টেক্‌নিশিয়ান - গ্রেড ১	এসটিপিএস	”
সমর কুমার বৈরাগী	জুনিয়র ম্যানেজার (এফ অ্যান্ড এ)	বিকেটিপিপি	”
শেখ রেমানী	জিডিএ	বিকেটিপিপি	”
মহঃ ইসলাম মল্লিক	অপারেটর গ্রেড - ১ (এইচ এম ই)	বিটিপিএস	”
আজমবর সাহু	গ্রেড - ১, রেকর্ড সাপ্লায়ার	কর্পোরেট	৩১-৫-২০১৭
উজ্জ্বল কৃষ্ণ দে	জুনিয়র ম্যানেজার (ইউ)	কেটিপিএস	”
সুজয় কুমার মাইতি	অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (পিএস)	কেটিপিএস	”
চন্ডী চরণ তুং	টেক্‌নিশিয়ান গ্রেড - ১	কেটিপিএস	”
সুকুমার দাস	টেক্‌নিশিয়ান গ্রেড - ১	কেটিপিএস	”
প্রদীপ সরকার	সিনিয়র ম্যানেজার (কেমিকেল)	বিকেটিপিপি	”
জয়ন্ত ব্যানার্জী	এক্সিকিউটিভ ডিরেক্টর (ও এস)	কর্পোরেট	৩০-৬-২০১৭

নাম	পদ	কর্মস্থল	তারিখ
সুকমল ঘোষ	জুনিয়র ম্যানেজার (পি এইচ এম)	কেটিপিএস	৩০-৬-২০১৭
সালেহার বিবি	হায়ার গ্রেড রেকর্ড সাপ্লায়ার	কেটিপিএস	”
অপর্ণা রায় (বেরা)	নার্সিং সুপারিন্টেন্ডেন্ট	কেটিপিএস	”
রাম কৃষ্ণ পাত্র	টেক্‌নিশিয়ান - গ্রেড ১ (সি এইচ এম)	কেটিপিএস	”
বসন্ত প্রামাণিক	অপারেটর গ্রেড ১	এসটিপিএস	”
সন্তোষ কুমার মন্ডল	অপারেটর গ্রেড ১	এসটিপিএস	”
অসিত কুমার চক্রবর্তী	জুনিয়র ম্যানেজার (ইউ)	এসটিপিএস	”
কৈলাশ মাহাতো	অপারেটর/টেক্‌নিশিয়ান - গ্রেড ১	এসটিপিএস	”
দয়াময় দাশগুপ্ত	টেক্‌নিশিয়ান গ্রেড - ১ (সি অ্যান্ড আই)	বিটিপিএস	”
বিজন কুমার হাজরা	গ্রেড - ১ এসডব্লুপিআর	বিটিপিএস	”
না থেকেও থাকবেন যাঁরা			
কার্তিক বাউরি	অপারেটর / টেক্‌নিশিয়ান	এসটিপিএস	০৫-০৪-২০১৭

অবসরকালীন সংবর্ধনা সভা

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের অবসরকালীন সংবর্ধনা সভা — মে মাসে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের সেমিনার রুম-এ একটি অবসরকালীন সংবর্ধনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়, তৎকালীন জেনারেল ম্যানেজার, বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প পুষ্পস্তবক দিয়ে শ্রী প্রদীপ সরকার, শ্রী সমর কুমার বৈরাগী ও শেখ রেমানী-কে অবসরকালীন সংবর্ধনা জ্ঞাপন করেন।

সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার উদ্যোগে অবসরকালীন সংবর্ধনা সভা — ১২ জুন ২০১৭ সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার উদ্যোগে বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান আয়োজিত হয়। ১ এপ্রিল ২০১৬ থেকে ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত যে সমস্ত কর্মীরা অবসরগ্রহণ করেছেন, কর্মী প্রমোদ সংস্থার তরফ থেকে তাদের জন্য আয়োজিত হয় এই বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী স্বপন মাইতি, তৎকালীন জেনারেল ম্যানেজার, এসটিপিএস ও অন্যান্য উচ্চ আধিকারিকবৃন্দ।

প্রকাশক : দেবকুমার গুপ্ত, ডিরেক্টর (এফ অ্যান্ড এ)

উপদেষ্টা : অমিত ভট্টাচার্য, ডিরেক্টর (আর এ) অ্যান্ড কম্পানি সেক্রেটারি ; সৌমিত্র শংকর সেনগুপ্ত, ডিরেক্টর (এইচ আর); দেবকুমার গুপ্ত, ডিরেক্টর (এফ অ্যান্ড এ); অমলেশ কুমার, ডিরেক্টর (মাইনিং); সোমনাথ দে, চিফ্ ভিজিলেন্স অফিসার অ্যান্ড এক্স অফিসিও ডিরেক্টর; ইন্দ্রনীল দত্ত, ডিরেক্টর (প্রজেক্টস্)

সম্পাদকমণ্ডলী : অসীম রায়চৌধুরী, ডেপুটি জেনারেল ম্যানেজার (কর্পোরেট কমিউনিকেশন), মধুসূদন মুখার্জী, সিনিয়র ম্যানেজার (পিএস), ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র ; জ্যোতি শংকর পোদ্দার, সিনিয়র ম্যানেজার (ও অ্যান্ড ই), কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র; সুস্নাত আইচ, সিনিয়র ম্যানেজার (পিএস), সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প; সৌম কান্তি দাস, সিনিয়র ম্যানেজার (পিএস), বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প; অনিরুদ্ধ নন্দী, ম্যানেজার (পিএস), সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র; বিটু বিশ্বাস, ম্যানেজার (পিএস), কর্পোরেট অফিস; অর্ণব বোস, ম্যানেজার (পিএস), কর্পোরেট অফিস

সহায়তায় : সৌমিক ব্যানার্জী, ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), বিটিপিএস; প্রিয়ব্রত মন্ডল, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), এসটিপিএস; দেবজ্যোতি সামন্ত, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), এসজিটিপিপি; সুমন দে, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), বিকেটিপিপি; অস্মি বিশ্বাস, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (কর্পোরেট কমিউনিকেশন), কর্পোরেট অফিস

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (কর্পোরেট আইডেন্‌টিটি নং : U40104WB1985SGC039154), জনসংযোগ বিভাগ কর্তৃক প্রচারিত

অলংকরণ ঃ ক্যাপস্ মাইক্রোগ্রাফিক্স প্রাঃ লিঃ

০৪.০৯.২০১৭